

📖 সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫০২৫

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ১৮. আপনজন বাদ দিয়ে অন্যের সাথে সম্পর্ক করলে সে সম্পর্কে।

باب فِي الرَّجُلِ يَنْتَمِي إِلَى غَيْرِ مَوَالِيهِ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا عَاصِمُ الْأَحْوَلُ، قَالَ حَدَّثَنِي أَبُو عَثْمَانَ، قَالَ حَدَّثَنِي سَعْدُ بْنُ مَالِكٍ، قَالَ سَمِعْتُهُ أُذْنًا، وَوَعَاهُ، قَلْبِي مِنْ مُحَمَّدٍ عَلَيْهِ السَّلَامُ أَنَّهُ قَالَ " مَنْ ادَّعَى إِلَى غَيْرِ أَبِيهِ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ غَيْرُ أَبِيهِ فَالْجَنَّةُ عَلَيْهِ حَرَامٌ " . قَالَ فَلَقِيتُ أَبَا بَكْرَةَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَ سَمِعْتُهُ أُذْنًا وَوَعَاهُ قَلْبِي مِنْ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ عَاصِمٌ فَقُلْتُ يَا أَبَا عَثْمَانَ لَقَدْ شَهِدَ عِنْدَكَ رَجُلَانِ أَيُّمَا رَجُلَيْنِ . فَقَالَ أَمَّا أَحَدُهُمَا فَأَوَّلُ مَنْ رَمَى بِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أَوْ فِي الْإِسْلَامِ يَعْنِي سَعْدُ بْنُ مَالِكٍ وَالْآخَرُ قَدِمَ مِنَ الطَّائِفِ فِي بَضْعَةٍ وَعِشْرِينَ رَجُلًا عَلَى أَقْدَامِهِمْ فَذَكَرَ فَضْلًا . قَالَ أَبُو عَلِيٍّ سَمِعْتُ أَبَا دَاوُدَ قَالَ قَالَ النُّفَيْلِيُّ حَيْثُ حَدَّثَ بِهَذَا الْحَدِيثِ وَاللَّهُ إِنَّهُ عِنْدِي أَحْلَى مِنَ الْعَسَلِ يَعْنِي قَوْلَهُ حَدَّثَنَا وَحَدَّثَنِي قَالَ أَبُو عَلِيٍّ وَسَمِعْتُ أَبَا دَاوُدَ يَقُولُ سَمِعْتُ أَحْمَدَ يَقُولُ لَيْسَ لِحَدِيثِ أَهْلِ الْكُوفَةِ نُورٌ - قَالَ - وَمَا رَأَيْتُ مِثْلَ أَهْلِ الْبَصْرَةِ كَانُوا تَعَلَّمُوهُ مِنْ شُعْبَةَ .

বাংলা

৫০২৫. নুফায়লী (রহঃ) সাআদ ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমার দু'কান শুনেছে এবং অন্তর স্মরণ রেখেছে যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জেনে শুনে, যে ব্যক্তি তার পিতা নয়, এরূপ ব্যক্তির সাথে নিজের পিতার সম্পর্ক স্থাপন করে; তার জন্য জাহ্নাত হারাম।

রাবী বলেনঃ এরপর আমি আবু বকরা (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করে, এ হাদীছে তার কাছে বর্ণনা করলে, তিনিও বলেনঃ আমার দু'কান শুনেছে এবং অন্তর স্মরণ রেখেছে যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ বলেছেন। রাবী আসিম (রহঃ) বলেনঃ আমি উছমান (রাঃ)-কে জিজ্ঞাসা করিঃ আপনার কাছে দু'ব্যক্তি এ হাদীছ সম্পর্কে সাক্ষ্য দিয়েছেন, এরা দু'জন কেমন লোক? তিনি বলেনঃ এদের একজন এমন, যে সর্ব প্রথম আল্লাহর রাস্তায় অথবা ইসলামে তীর নিক্ষেপ করেছিল- অর্থাৎ সাআদ ইবন মালিক (রাঃ)। আর দ্বিতীয় ব্যক্তি এমন, যে

তায়েফ থেকে বিশ জনের ও অধিক লোকের সাথে হেঁটে চলে আসে। এরপর তিনি তার মর্যাদা সম্পর্কে বর্ণনা করেন।

রাবী আবু আলী (রহঃ) বলেনঃ আমি ইমাম আবু দাউদ (রহঃ)-কে বলতে শুনেছিঃ যখন নুফায়লী এ হাদীছ বর্ণনা করেন, তখন তিনি বলেন যে, আল্লাহর শপথ! এ হাদীছ আমার কাছে মধুর চাইতে ও মিষ্টি মনে হয়। রাবী আবু আলী (রহঃ) আরো বলেনঃ ইমাম আবু দাউদ (রহঃ) আহমদ (রহঃ)-কে বলতে শুনেঃ কূফাবাসীদের বর্ণিত হাদীছে নূর নেই, (কেননা, তারা সনদ ঠিকভাবে বর্ণনা করে না।) ইমাম আহমদ (রহঃ) আরো বলেনঃ আমি বসরাবাসীদের চাইতে উত্তম লোক দেখিনি; কেননা, তারা শোবা (রহঃ) থেকে হাদীছ বর্ণনা করেন, (যিনি তাদের হাদীছ বর্ণনার ধারা উত্তমরূপে শিক্ষা দেন।)

English

Sa'id b. Malik said:

My ears heard it and my heart remembered it from Muhammad (May peace be upon him) who said: if a man claims to be the son of a man who is not his father, paradise will be forbidden for him. He said: I then met Abu Bakrah and mentioned it to him. He said: my ears heard it and my heart remembered it from Muhammad (peace be upon him).

'Asim said : I said : Abu 'Uthman! Two men testified before you. Who are they? He said : One of them is the one who is first to shoot arrow in the path of Allah or in the path of Islam, that is to say : Sa'd b. Malik. The other is the one came from al-Taif with ten and some men on foot. He then mentioned his excellence.

Abu Dawud said : When al-Nufaili mentioned this tradition, he said : I swear by Allah, this is sweeter with me than honey, that is to say, his way transmission.

Abu 'Ali said : I heard Abu Dawud say : I heard Ahmad say : The people of Kufah have no light in their traditions. I did not see them like the people of Basrah. They learnt it from Shu'bah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সা'দ ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37131>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন